

হিন্দি ছবিতে আরও এক বাঙালি গায়ক

অ্যাকশন অভিনেতা অক্ষয়কুমারের সঙ্গে কণ্ঠে অদ্ভুত মিল তাঁর। আর সেটাকে হাতিয়ার করেই হিন্দি প্রে-ব্যাকের দুনিয়ায় ঢুকে পড়েছেন কলকাতার গায়ক অর্ণব চক্রবর্তী



আজকালের প্রতিবেদন: রাজকুমার সন্তোষীর 'খাকি' ছবিতে 'ওয়াদা রাহা' গানটি গেয়ে রাতারাতি জনপ্রিয় হয়ে উঠেছিলেন কলকাতার গায়ক অর্ণব চক্রবর্তী। অক্ষয়কুমারের লিপে চমৎকার খেলেছিল তাঁর গলাটি। সেই সূত্রে মুম্বই চলচ্চিত্র মহলে আখ্যাও পেয়েছিলেন 'ভয়েস অফ অক্ষয়কুমার'। এহেন জনপ্রিয়তার কথা মাথায় রেখেই সঙ্গীত পরিচালক রাম সম্পাত আবারও অক্ষয়কুমারের জন্য গায়ক হিসেবে বেছে নিয়েছেন অর্ণবকেই। সদ্য মুক্তিপ্রাপ্ত ছবি 'ফ্যামিলি'-তে অক্ষয়ের লিপে অর্ণব গেয়েছেন তিনটি গান। এ ছবিরও পরিচালক রাজকুমার সন্তোষী। অর্থাৎ 'খাকি'-র টিমকেই সম্বল করে বাঙালি গায়ক অর্ণব চাইছেন হিন্দি প্রে-ব্যাকের দুনিয়ায় একটা স্থায়ী আসন পাকা করতে।

ইতিমধ্যেই 'ফ্যামিলি'-তে অর্ণবের গাওয়া 'কাতরা কাতরা', 'জানম জানম' ও 'কুইক বাইট' গান তিনটি টেলিভিশন চ্যানেলের দৌলতে হরদমই কানে ভেসে আসছে। যুব প্রজন্মের অনেকের মুখে সে সব গানের কলি উচ্চারিতও হতে শুরু করেছে। কিন্তু তাঁদের অনেকেই হয়ত জানেন না 'অ্যাকশন হিরো' অক্ষয়কুমারের লিপে সে সব গানের নেপথ্যে আছেন একজন বঙ্গতনয় অর্ণব চক্রবর্তী। ৬ বছর আগে প্রে-ব্যাক সিঙ্গার হওয়ার লক্ষ্যে অর্ণব পাড়ি জমিয়েছিলেন মুম্বইয়ে। সঙ্গীতশিক্ষা প্রথম পৌতম মুখার্জির কাছে। পরে মুম্বই বিশ্ববিদ্যালয় থেকে লঘুসঙ্গীতে (পণ্ডিত অচ্যুত ঠাকুরের তত্ত্বাবধানে) স্নাতকোত্তর ডিগ্রি। সেই সময় প্রচুর বিজ্ঞাপনে জিঙ্গল গেয়েছেন। এখন কিছুটা জায়গা জুড়ে হলেও হিন্দি প্রে-ব্যাকের জগতে পা রাখতে পেরেছেন। এখন পর্যন্ত তাঁর এগিয়ে চলার মূল হাতিয়ার অক্ষয়কুমারের সঙ্গে তাঁর কণ্ঠের অদ্ভুতরকম মিল। 'ইন্ডিয়ান আইডল' বা 'ফেম গুরুকুল'-এর মতো প্রতিযোগিতায় নাম না লিখিয়ে এতদূর উঠে আসাটাও বা কম কী!